Primary Edn

ইত্তেফাক

005

তারিখ 04 MAR 1986
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১ ...

বিনামূল্যের পাঠ্যপুস্তক

## এখনও বহু শিক্ষার্থী বই পায় নাই

দিনাজপুর, ২৭শে ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)—দিনাজপুর জেলায় প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য সরবরাহকৃত বিনামূল্যের সরকারী বই প্রয়োজনের তুলনায় সংখ্যায় কম হওয়ায় অন্যূন ৭০হাজার ছাত্র-ছাত্রী বই হইতে বঞ্চিত হইয়াছে।

সরকারী সূত্রে জানা গিয়াছে, জেলায় শিশু শ্রেণী হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩ লক্ষ ৩হাজার। অথচ সরকারীভাবে বই সরবরাহ করা হইয়াছে ২ লক্ষ ২৩ হাজার ৩ শত ৮৭ সেট।

খাগড়াছড়ি, সংবাদদাতা জানান, চলতি শিক্ষাবর্ষের প্রায় ২ মাস অতিবাহিত হইয়া গেলেও অত্র এলাকার প্রাথমিক বিদ্যালয়ের অনেক ছাত্রছাত্রী ১৯শে ফেব্রুয়ারী পর্যন্ত বিনামূল্যের বই পায় নাই। ফলে ক্লাসের শুরুতেই বিঘ্ন ঘটিতেছে।

বাগেরহাটের সংবাদদাতা জানান, বাগেরহাট শহর ও জেলার সর্বত্র প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় পাঠ্যপুস্তকের অভাব অপরদিকে সকল উচ্চ বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণী হইতে অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তকের অভাবে লেখাপড়া বিঘ্নিত হইতেছে।

কালিয়াকৈরের সংবাদদাতা জানান, উপজেলার অধিকাংশ প্রাইমারী স্কুলে নূতন পাঠ্যবই পাইতে হইলে ছাত্র-ছাত্রীদেরকে চাঁদা বা ফিস দিতে হইতেছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। কোন কোন ছাত্রছাত্রী ফী দিতে না পারায় তাহাদিগকে পাঠ্যপুস্তক সরবরাহ করা হয় নাই বলিয়া জানা যায়।